



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০১০৮০, ৫৫০৩০০৮৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০১১৩, হটলাইন: ১৬১১৯
Fax: 88-02-5530092, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং- ৩৬.০৫.০০০০.০০৩.৪৭.৫৪২.২২/৪৭৮৭(২)

তারিখ:

২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ

১০ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রাপক,

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউজ, আইসিডি

কমলাপুর, ঢাকা।

বিষয়: আমদানিকৃত 70 Watt LED Bulb পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, 'সেলফ ব্যালাস্টেড এলইডি ল্যাম্প' পণ্যটি বিএসটিআই'র বাধ্যতামূলক ২২৯ টি পণ্যের আওতাভুক্ত। দেশে উক্ত পণ্য বিক্রি-বিতরণের জন্য আমদানি করা হলে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এম. এম ইলেকট্রিক, ১৫৩, নবাবপুর রোড, ওয়ারী, ঢাকা কর্তৃক বিল অব এন্ট্রি নং- সি ৩৩৭৭৭, তারিখ: ৩১/১০/২০২২ খ্রিঃ এর মাধ্যমে চীন হতে আমদানিকৃত Self Ballasted LED Lamps [24 watt T8 LED Tube (২২৫০০ পিস) ও 70 watt LED Bulb (৬৭০০ পিস)] পণ্যের অনুকূলে ছাড়পত্র গ্রহণের আবেদন করে। এ প্রেক্ষিতে Self Ballasted LED Lamps (24 watt T8 LED Tube) পণ্যের অনুকূলে ইতোমধ্যেই বিধি মোতাবেক সাময়িক ছাড়পত্র প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

কিন্তু সেলফ ব্যালাস্টেড এলইডি ল্যাম্প এর বাংলাদেশ স্ট্যান্ডার্ডস বিডিএস আইইসি ৬২৬১২:২০১৫ এর Scope অনুযায়ী 60 Watt পর্যন্ত LED Bulb বর্ণিত মানের আওতাভুক্ত (কপি সংযুক্ত); তদাপেক্ষা অধিক ওয়াটের LED Bulb উক্ত মানের আওতাভুক্ত নয় বিধায় এম. এম ইলেকট্রিক ১৫৩, নবাবপুর রোড, ওয়ারী, ঢাকা কর্তৃক বিল অব এন্ট্রি নং- সি ৩৩৭৭৭, তারিখ: ৩১/১০/২০২২ খ্রিঃ এর মাধ্যমে আমদানিকৃত 70 Watt LED Bulb পণ্যের অনুকূলে ছাড়পত্র গ্রহণের কোন প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত,

(মোঃ নুরুল আমিন)

পরিচালক (সিএম)

টেলিফোন: ৫৫০৩০১১৩।

সংযুক্তি: বর্ণনামত -৩ (তিন) পাতা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। স্বত্বাধিকারী

এম. এম ইলেকট্রিক

১৫৩, নবাবপুর রোড, ওয়ারী, ঢাকা।

২। পিএ টু মহাপরিচালক (গ্রেড-১), বিএসটিআই, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।